03 DEC 1991

তারিখ 03 DEC 1991
পৃষ্ঠা 2 কলাম 6

দৈনিক বাংলা

171

# ঢাকা ভার্সিটি শিক্ষকরা ৭ ডিসেম্বর থেকে ক্লাস নেবেন

বিশ্ববিদ্যালয় রিপোর্টার : ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা কর্মবিরতি স্থগিত রেখে ক্লাসে যোগদানের সিদ্ধান্ত নিয়েছেন। সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির জরুরী সাধারণ সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়।

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## ঢাকা ভার্সিটি

(প্রথম পৃঃ পর)

সভায় বলা হয়, উপর্যুপরি সন্ত্রাসের কারণে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি কর্মবিরতিতে যেতে বাধ্য হয়। যদিও এখনো সন্ত্রাসী তৎপরতা অব্যাহত রয়েছে তবু সেশনজট এবং ছাত্র-ছাত্রীদের লেখা-পড়ার কথা চিন্তা করে ৭ ডিসেম্বর থেকে তারা ক্লাস নেবার সিদ্ধান্ত নিয়েছেন।

সভায় ৬ ডিসেম্বরের মধ্যে সন্ত্রাস দমনে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সরকার ও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানানো হয়। এর পরও যদি ক্যাম্পাসে সন্ত্রাসী তৎপরতা অব্যাহত থাকে এবং এর প্রতিকারে কোন কার্যকর ব্যবস্থা গৃহীত না হয় তার জন্য সরকার এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী হবেন বলে সভায় উল্লেখ করা হয়।

সন্ত্রাস দমনে সরকার ও কর্তৃপক্ষ এখনো কোন কার্যকরী ব্যবস্থা গ্রহণ না করায় সভায় ক্ষোভ প্রকাশ করা হয়।